

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
সংস্থাপন শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.৩২.০০০১.১৮.৯৬৪

### আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, খাদ্য বিভাগের স্বাভাবিক কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন পত্রিকায় ও সোশ্যাল মিডিয়ায় এবং বানোয়াট তথ্য দিয়ে অনলাইন ও অফলাইনে নিউজ/সংবাদ প্রকাশ করা/করানো হচ্ছে। উক্ত প্রকাশিত সংবাদ ফেইসবুকসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় কর্মকর্তা/কর্মচারীগণ শেয়ার করছেন। এছাড়াও সোশ্যাল মিডিয়ায় একজন আরেকজনকে উদ্দেশ্য করে অশোভন মন্তব্য করে খাদ্য বিভাগের কর্মকাণ্ড বিতর্কিত করছেন। এতে করে খাদ্য বিভাগ তথ্য সরকারের কর্মকাণ্ড সম্পর্কে জনগণের নিকট নেতৃত্বাচক মনোভাব তৈরী হচ্ছে এবং খাদ্য বিভাগের ভাবমুক্তি চরমভাবে ক্ষুণ্ণ হচ্ছে। যা সরকারি কর্মচারী আইন' ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা' ২০১৯ -এর পরিপন্থি।

খাদ্য বিভাগের বিষয়ে বিভিন্ন পত্র পত্রিকা এবং সোশ্যাল মিডিয়ায় যে সকল নেতৃত্বাচক সংবাদ প্রকাশ করা হচ্ছে/হয়েছে, সে সকল প্রকাশিক সংবাদের উৎস যাচাই-বাচাইপূর্বক সরকারী বিভিন্ন আদেশ/প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক অথবা নেতৃত্বাচক এবং মিথ্যা সংবাদ পত্রিকায় অথবা সোশ্যাল মিডিয়ায় প্রকাশ, লাইক ও কমেটের সাথে যে সকল কর্মকর্তা/কর্মচারী জড়িত তাদের চিহ্নিত করে সরকারি আইন এবং বিধি-বিধান অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এতদউদ্দেশ্যে বিভিন্ন সোশ্যাল মিডিয়া বা অনলাইন আফলাইন প্লাটফর্মে খাদ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের কর্মকাণ্ড নিয়মিত মনিটরিং ও তদন্ত করে মহাপরিচালক বরাবর তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ২৪.১০.২০২৪ তারিখের ১৩.০১.০০০০.০৩১.২৭.০০৫.২৪.৭৭৬ নং স্মারকে জারিকৃত আদেশ গঠিত কমিটি বাতিলপূর্বক নিম্নোক্তভাবে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।

- (১) জনাব মোঃ আব্দুস সালাম, পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-আহবায়ক
- (২) জনাব মোঃ জহিরুল ইসলাম খান, পরিচালক(চ.দা.), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-সদস্য
- (৩) জনাব জি এম ফারুক হোসেন পাটোয়ারী, অতিরিক্ত পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-সদস্য
- (৪) জনাব আবু নন্দ মোহাম্মদ সফিউল আলম, অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-সদস্য
- (৫) জনাব মোঃ ফজলে রাবী হায়দার, উপপরিচালক, তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-সদস্য সচিব

#### কর্মপরিধি:

(ক) খাদ্য বিভাগ নিয়ে বিভিন্ন পত্র পত্রিকা (অনলাইন/অফলাইন) এবং সোশ্যাল মিডিয়ায় সরকারী বিভিন্ন আদেশ/প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক ও নেতৃত্বাচক যে সকল মিথ্যা সংবাদ পত্রিকায় অথবা সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা হয় অথবা হচ্ছে সেগুলো লাইক, শেয়ার ও বিরচন মন্তব্যকারী কর্মকর্তা-কর্মচারী চিহ্নিতকরণ করে প্রতিমাসে একবার মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল;

(খ) সরকারি কর্মচারী আইন' ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা' ২০১৯ বিবেচনায় নিয়ে খাদ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমের কার্যক্রম (পোষ্ট, শেয়ার, লাইক ও কমেন্ট ইত্যাদি) নিয়মিত মনিটরিং ও প্রযোজ্য ক্ষেত্রে তদন্ত করে মাতামতসহ প্রতিবেদন দাখিল।

১৬-০৯-২০২৫  
মোঃ মনিরুল ইসলাম  
উপপরিচালক  
+৮৮-০২-৪১০৫০৭২৩  
[dd.est@dgfood.gov.bd](mailto:dd.est@dgfood.gov.bd)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দণ্ডর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৬। অতিরিক্ত পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ৯। সাইলো অধীক্ষক(সকল),.....।
- ১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ১১। উপপরিচালক, তদন্ত ও মামলা শাখা, খাদ্য অধিদপ্তর।
- ১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল) .....,।
- ১৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দণ্ডর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অফিস/মাস্টার কপি, ।



১৬-০৯-২০২৫  
মোঃ মনিরুল ইসলাম  
উপপরিচালক